

যুগান্তর

রাবি শিক্ষার্থীরা ক্লাসে ফিরেছেন

রাত সাড়ে ৮টার পর ক্যাম্পাসের দোকান বন্ধ

👤 রাবি প্রতিনিধি

🕒 ১৫ মার্চ ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীরা দুদিন পর ক্লাসে ফিরেছেন। স্থানীয়দের সঙ্গে সংঘর্ষের পর মঙ্গলবার সকালে শিক্ষার্থীরা ক্যাম্পাসে আসতে শুরু করেন।

বিশ্ববিদ্যালয়ের বাসগুলোও নির্ধারিত সময়ে নগরীর বিভিন্ন জায়গা থেকে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের ক্যাম্পাসে এনেছে এবং বিকালে পৌঁছে দিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সামনের ঢাকা-রাজশাহী মহাসড়কে যানবাহন চলাচলও স্বাভাবিক ছিল। সন্ধ্যায় প্রশাসন ভবনে স্থানীয়দের সঙ্গে আলোচনা করে রাবি কর্তৃপক্ষ। ক্যাম্পাসে শৃঙ্খলা বজায় রাখতে ও বহিরাগতদের আনাগোনা কমাতে রাত সাড়ে ৮টার মধ্যে ক্যাম্পাসের দোকানপাট বন্ধের নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

এদিকে, রোববার রাতে শিক্ষার্থীদের রেললাইন অবরোধের ঘটনায় অজ্ঞতানামা 'বিস্মুদ্র জনতার' বিরুদ্ধে মামলা করেছে রেলওয়ে কর্তৃপক্ষ। মামলায় ২০০-৩০০ জনকে আসামি করা হয়েছে। শিক্ষার্থীদের ওপর ন্যাকারজনক হামলার নিন্দা ও প্রতিবাদ জানিয়ে সকাল

১০টা থেকে এক ঘণ্টা নগ্নপদে অবস্থান কর্মসূচি পালন করেন বিশ্ববিদ্যালয়ের এক অধ্যাপক। সংঘর্ষের ঘটনাকে কেন্দ্র করে দুদিন বন্ধ থাকার পর একাডেমিক কার্যক্রম শুরু হয়েছে। ফলে ক্যাম্পাস চিরচেনারূপে ফিরেছে। সরেজমিন দেখা যায়, সকালে ক্যাম্পাসের সব দোকানপাট খুলতে শুরু করে। টুকিটাকি চত্বর, পরিবহণ চত্বরের দোকানগুলোয় শিক্ষার্থীদের কোলাহল শোনা যায়।

চায়ের দোকানগুলোতেও আড্ডা দেখা যায়। বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক ও বিনোদপুর গেটের সামনে পুলিশের অবস্থান দেখা গেছে। সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের বিনোদপুর ফটকে তালা ঝুলিয়ে দেওয়া হয়। মঙ্গলবার সকালে সেটি খুলে দেওয়া হয়েছে।

এছাড়া বিনোদপুর বাজারেরও কিছু কিছু দোকানপাট মঙ্গলবার খোলা ছিল। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক আসাবুল হক বলেন, ক্লাস-পরীক্ষা শুরু হয়েছে। ক্যাম্পাস স্বাভাবিক করতে তারা সর্বোচ্চ চেষ্টা করছেন। শিক্ষার্থীদের দাবি নিয়ে ছাত্র সংগঠনগুলোর সঙ্গে আলোচনায় বসা হবে।

রাত সাড়ে ৮টার মধ্যে দোকানপাট বন্ধের নির্দেশ : ক্যাম্পাসের শৃঙ্খলা বজায় রাখতে ও বহিরাগতদের আনাগোনা কমাতে রাত সাড়ে ৮টার মধ্যে ক্যাম্পাসের অভ্যন্তরীণ দোকানপাট বন্ধের নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার জাহিদ আলী স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়- মঙ্গলবার রাত সাড়ে ৮টা থেকে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরের সব দোকানপাট বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। অন্যথায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

‘বিক্ষুব্ধ জনতার’ বিরুদ্ধে রেলওয়ের মামলা : রোববার রাতে বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ এলাকায় শিক্ষার্থীদের রেললাইন অবরোধের ঘটনায় অজ্ঞাতনামা ‘বিক্ষুব্ধ জনতার’ বিরুদ্ধে মামলা করেছে রেলওয়ে কর্তৃপক্ষ। মামলায় ২০০-৩০০ জনকে আসামি করা হয়েছে।

সোমবার পশ্চিমাঞ্চল রেলওয়ের ঊর্ধ্বতন উপসহকারী প্রকৌশল (পথ) ভবেশ চন্দ্র রাজবংশীর করা আবেদনটি রাত ১১টার দিকে মামলা হিসাবে গ্রহণ করেছে রাজশাহী রেলওয়ে থানা।

এ বিষয়ে রাজশাহী রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোপাল কর্মকার বলেন, রাতে মামলা হয়েছে। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে। এতে কোনো প্রতিষ্ঠানের কারও নাম উল্লেখ করে মামলা করা হয়নি। মামলায় বিক্ষুব্ধ জনতার কথা উল্লেখ করা হয়েছে।

নগ্নপায়ে রাবি অধ্যাপকের অবস্থান : শিক্ষার্থীদের ওপর স্থানীয় এবং পুলিশের ন্যাকারজনক হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে মঙ্গলবার সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের জোহা চত্বরে নগ্নপদে অবস্থান কর্মসূচি পালন করেছেন বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ফরিদ উদ্দীন খান।

আহত শিক্ষার্থীদের প্রতি তিনি প্লাকার্ড হাতে সমবেদনা ও সহমর্মিতা জানান। অধ্যাপক ফরিদ উদ্দীন বলেন, আমাদের শিক্ষার্থীরা এখনো হাসপাতাল ছাড়তে পারেননি, অনেকের সেলাই কাটেনি। তারা ক্লাসে ফিরতে পারছেন না। তাদের প্রতি সহানুভূতি জানিয়ে আমি ক্লাস বর্জন করেছি।

এছাড়া স্থানীয় সন্ত্রাসীদের দ্বারা ন্যাকারজনক এবং পৈশাচিক হামলার প্রতিবাদে এখানে দাঁড়িয়েছি। অধ্যাপক ফরিদ উদ্দীনের সঙ্গে সংহতি প্রকাশ করে অর্থনীতি বিভাগের শিক্ষার্থীরা সেখানে অবস্থান করেন।

চোখে আঘাতপ্রাপ্ত শিক্ষার্থীরা ঢাকায় : সংঘর্ষকালে পুলিশের রাবার বুলেট ও পিলেটের আঘাতে চোখে আঘাতপ্রাপ্ত শিক্ষার্থীদের উন্নত চিকিৎসার জন্য মঙ্গলবার ঢাকায় পাঠানো হয়েছে।

প্রক্টর অধ্যাপক আসাবুল হক জানান, মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের একটি নিজস্ব মাইক্রো বাসে রেটিনা ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের ঢাকায় পাঠানো হয়েছে। ঢাকার জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে তাদের ভর্তি করা হয়েছে।

রেটিনা ক্ষতিগ্রস্ত তিন শিক্ষার্থী হলেন-মার্কেটিং বিভাগের তৃতীয়বর্ষের আলিমুল ইসলাম, ফারসি বিভাগের শেষবর্ষের ছাত্র মিসবাবুল ইসলাম ও আইন বিভাগের তৃতীয়বর্ষের শিক্ষার্থী আল আমিন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023